



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

Website: www.biwta.gov.bd Facebook Page: www.facebook.com/biwta1958

বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোস্ট বক্স নং-৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ
BIWTA BHABAN, 141-143, MOTIJHEEL C/A, POST BOX-76, DHAKA-1000, BANGLADESH



Grams: AUTHORITY
Fax: 880-2-9551072
Phones: 9556151-55
9555042, 9552039
9552027

নথি নং-১৮.১১.০০০০.১২২.৩১.০৬৯.২১/ ৮০২০

তারিখ- ২০ ডিসেম্বর ২০২১ইং

“বিজ্ঞপ্তি”


বিষয়: বাংলাদেশ-ভারত অভ্যন্তরীণ নৌ-পথ অতিক্রমণ ও বাণিজ্য প্রটোকল (PIWT&T) এর আওতায় পণ্য পরিবহনে আগ্রহী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তির লাইসেন্স প্রদানের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

বাংলাদেশ-ভারত অভ্যন্তরীণ নৌ-পথ অতিক্রমণ ও বাণিজ্য প্রটোকল (PIWT&T) এর আওতায় পণ্য পরিবহনে ইচ্ছুক বাংলাদেশী অভ্যন্তরীণ নৌপরিবহন ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নস্থ মালিকানাধীন প্রতিষ্ঠানের নামে ১২০০ (এক হাজার দুই শত) মেট্রিক টন পণ্য পরিবহন ধারণ ক্ষমতা সম্পন্ন [সর্বাধিক ২টি(দুই) নৌযানের মাধ্যমে] নৌযান থাকা সাপেক্ষে তালিকাভুক্তি লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

২। কর্তৃপক্ষের হিসাব বিভাগ হতে (বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ৯ম তলা) অফেরত যোগ্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা জমা প্রদান পূর্বক জমা রশিদ উপ-পরিচালক(বৈদেশিক পরিবহন) নৌ নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ বরাবর প্রদান করে আবেদন পত্রের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে।

৩। আবেদন পত্র ফরম যথাযথ ভাবে পূরণ করত: বিআইডব্লিউটিএ-এর অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাস্ট এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদ/টিন, ভ্যাট পরিশোধের সনদ, নৌ-যানের সার্ভে, রেজি:সনদ, কঞ্জারভেন্সী পরিশোধের ছাড়পত্র ও আনুসাংগিক কাগজপত্রসহ পরিচালক, নৌ নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, (৫ম তলা), ঢাকা এর দপ্তরে আগামী ০৬/০১/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তির লাইসেন্স বাতিল করা হয়েছে অথবা স্ব ইচ্ছায় তালিকাভুক্তির লাইসেন্স প্রত্যাহার করে নিয়েছেন সে সকল প্রতিষ্ঠান/কোম্পানির আবেদন গৃহীত হবে না।

৪। বিস্তারিত তথ্যের জন্য উপ-পরিচালক(বৈদেশিক পরিবহন), নৌ নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, (৫ম তলা), ঢাকা এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


(মুহাম্মদ রশিদুল ইসলাম)
পরিচালক
এবং

বাংলাদেশ সরকারের পক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ
বাংলাদেশ-ভারত অভ্যন্তরীণ নৌ-পথ
অতিক্রমণ ও বাণিজ্য প্রটোকল
ফোনঃ ৯৫১৩১৭০, ফ্যাক্সঃ ৯৫১১৩০২
Email: protocolbiwta@gmail.com

বিতরণঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। পরিচালক(হিসাব), বাঅনৌপক, ঢাকা।

০২। পরিচালক(অর্থ), বাঅনৌপক, ঢাকা।

০৩। জনসংযোগ কর্মকর্তা, বাঅনৌপক, ঢাকা (২টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং কর্তৃপক্ষের web site এ বিজ্ঞাপনটি প্রচার ও প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৪। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।

০৫। সদস্য(পরিচালনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা।

০৬। সদস্য(অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার, বিজয় নগর, ঢাকা।

০৮। নোটিশ বোর্ড।